# বেসরকারী নিরাপত্তা সেবা আইন, ২০০৬

( ২০০৬ সনের ১১ নং আইন )

**বেসরকারী পর্যায়ে নিরাপত্তা সেবা প্রদান ও সেবার মান নিশ্চিত-করণার্থে বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন, পরিচালনা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রণীত আইন**

যেহেতু বেসরকারী পর্যায়ে নিরাপত্তা সেবা প্রদান ও সেবার মান নিশ্চিতকরণার্থে বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন, পরিচালনা ও নিয়ন্ণের লক্ষ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বেসরকারী নিরাপত্তা সেবা আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই আইনে-

(ক) "নির্ধারিত" অর্থ বিধি দ্বারা নির্ধারিত;

(খ) "নিরাপত্তা প্রহরী" অর্থ কোন ব্যক্তির জীবন ও সম্পত্তি বা প্রতিষ্ঠানের সম্পত্তি চুরি, ডাকাতি বা অন্য কোন অপরাধ প্রতিরোধে কিংবা উক্ত সম্পত্তি অন্যের অবৈধ বা বেআইনী গ্রাস হইতে হেফাজত ও রক্ষণাবেক্ষণার্থে নিয়োজিত কোন ব্যক্তি;

(গ) "নিরাপত্তা সেবা" অর্থ কোন ব্যক্তি বা বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান কর্তৃক অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থের বিনিময়ে প্রদেয় বা প্রদত্ত নিরাপত্তামূলক সেবা;

(ঘ) "বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান" অর্থ এই আইনের ধারা ৫ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান বা অন্য কোন প্রতিষ্ঠান, সংস্থা বা কেন্দ্র, যে নামেই অভিহিত হউক না কেন;

(ঙ) "ব্যক্তি" অর্থ কোম্পানী, প্রতিষ্ঠান, ব্যক্তি-সংঘ, অংশীদারী কারবার, সংঘ ও সমিতি অন্তর্ভুক্ত হইবে;

(চ) "লাইসেন্স" অর্থ এই আইনের ধারা ৫ এর অধীন প্রদত্ত লাইসেন্স;

(ছ) "লাইসেন্সিং কর্তৃপক্ষ" অর্থ ধারা ৬ এ বর্ণিত লাইসেন্সিং কর্তৃপক্ষ; এবং

(জ) "লাইসেন্সগ্রহীতা" অর্থ এই আইনের অধীন নিরাপত্তা সেবা প্রদানের জন্য লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি বা বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান।

**আইনের প্রাধান্য**

৩। আপাততঃ বলবত্ অন্য কোন আইনে এই বিষয়ে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

**বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা**

৪। কোন ব্যক্তি এই আইনের ধারা ৫ এর অধীন লাইসেন্স গ্রহণ করিয়া বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করিতে পারিবেন।

**বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনার লাইসেন্স**

৫। (১) বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করিতে ইচ্ছুক কোন ব্যক্তি লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে আবেদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন লাইসেন্সের জন্য আবেদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রাপ্ত আবেদনে উল্লিখিত তথ্যাবলীর সত্যতা যাচাইয়ের জন্য অধঃস্তন কোন কর্মকর্তাকে দায়িত্ব অর্পণ করিয়া উহার নিকট লিখিত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন নির্দেশপ্রাপ্ত কর্মকর্তা আবেদনে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করিবেন এবং প্রাপ্ত তথ্যাবলী পরীক্ষা ও যাবতীয় বিষয়ে অনুসন্ধান করিবার পর তদ্‌বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনার পর লাইসেন্সিং কর্তৃপক্ষ-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনার জন্য নির্ধারিত শর্তাবলী পূরণ করিয়াছেন তাহা হইলে লাইসেন্সিং কর্র্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে ধারা ১৬ এর অধীন নির্ধারিত জামানত, লাইসেন্স ফিস ইত্যাদি আদায় করিয়া ত্রিশ দিনের মধ্যে আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে; অথবা

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, নির্ধারিত শর্তাবলী পূরণ করিবার জন্য আবেদনকারীকে সুযোগ প্রদান করা সমীচীন, তাহা হইলে উক্ত শর্তাবলী পূরণের

জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীকে অনধিক পনের দিন সময় প্রদান করিবে; এবং

(অ) উক্ত সময়ের মধ্যে উল্লিখিত সকল শর্তাবলী প্রতিপালন করিতে আবেদনকারী সক্ষম হইয়াছে মর্মে সন্তুষ্ট হইবার পর পরবর্তী পনের দিনের মধ্যে আবেদন মঞ্জুর করিয়া আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে; বা

(আ) উক্ত সময়ের মধ্যে প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করিতে আবেদনকারী ব্যর্থ হইলে আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে অবহিত করিবে; অথবা

(গ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, আবেদনকারী নির্ধারিত শর্তাবলীর মধ্যে অধিকাংশ শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই এবং আবেদনকারীকে দফা (খ)- েত উল্লিখিত সুযোগ প্রদান করা হইলে উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট শর্তাবলী পূরণ করিতে সক্ষম হইবার সম্ভাবনা নাই, তাহা হইলে আবেদনকারীর আবেদন সরাসরি নামঞ্জুর করিয়া পনের দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কোন আবেদন নামঞ্জুর করিলে, আবেদনকারী উক্ত নামঞ্জুর আদেশপ্রাপ্তির তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবে এবং আপীলে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৬) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে কোন ব্যক্তি কোন বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান স্থাপন করিয়া থাকিলে তিনি এই আইন কার্যকর হইবার ত্রিশ দিনের মধ্যে উপ-ধারা (১) এ নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(৭) উপ-ধারা (৬) এর অধীন আবেদনপ্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-ধারা (২), (৩) এবং (৪) এর দফা (ক) ও (খ)-তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে।

(৮) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে বিদ্যমান কোন বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠান পরিচালনার লাইসেন্সের জন্য উপ-ধারা (৬) এ উল্লিখিত সময়সীমার মধ্যে আবেদন করা না হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম বন্ধ রাখিবার নির্দেশ প্রদান করিবে।

**লাইসেন্সিং কর্তৃপক্ষ**

৬। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট জেলার ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট এবং মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে পুলিশ কমিশনার লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবেন।

**লাইসেন্সপ্রাপ্তির যোগ্যতা ও**

**অযোগ্যতা**

৭। (১) কোন ব্যক্তি এই আইনের অধীন লাইসেন্স-প্রাপ্তির জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন;

(খ) তিনি পঁচিশ বত্সর বা তদূর্ধ্ব বয়সের না হন;

(গ) তিনি কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইয়া থাকিলে উক্ত দেউলিয়াত্বের অবসান না হইয়া থাকে;

(ঘ) তিনি সুস্থ মস্তিষ্কের না হন;

(ঙ) তিনি আয়কর এবং মূল্য সংযোজন কর প্রদানকারী হিসাবে সংশ্লিষ্ট বিভাগে তাহার নাম নথিভূক্ত না করেন;

(চ) তিনি কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যুন দুই বছরের কারাদণ্ডে দণ্ডিত হইয়া থাকিলে তাহার মুক্তি লাভের পর অন্যুন পাঁচ বত্সরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(ছ) তিনি কোন অসদাচরণ বা দুর্নীতির দায়ে কোন সরকারী বা সংবিধিবদ্ধ সংস্থার চাকুরী হইতে বরখাস্ত হইয়া থাকেন; এবং

(জ) তিনি কোন ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠানের ঋণখেলাপী হইয়া থাকেন।

(২) কোন কোম্পানী এই আইনের অধীন লাইসেন্সপ্রাপ্তির জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি উক্ত কোম্পানী-

(ক) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) বা প্রচলিত অন্য কোন আইন এর অধীন বাংলাদেশে নিবন্ধিত না হয়;

(খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইয়া থাকিলে উক্ত দেউলিয়াত্বের অবসান না হইয়া থাকে;

(গ) আয়কর এবং মূল্য সংযোজন কর প্রদানকারী হিসাবে সংশ্লিষ্ট বিভাগে উহার নাম নথিভুক্ত না করে;

(ঘ) কিংবা উক্ত কোম্পানীর মালিক, চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যুন দুই বছরের কারাদণ্ডে দণ্ডিত হইয়া থাকিলে তাহার বা তাহাদের মুক্তি লাভের পর অন্যুন পাঁচ বত্সরকাল অতিবাহিত না হইয়া থাকে; এবং

(ঙ) কোন ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী ঘোষিত হইয়া থাকে।

ব্যাখ্যাঃ এই উপ-ধারায় কোম্পানী বলিতে কোন কোম্পানী, অংশীদারী কারবার, সমিতি বা ব্যক্তি সংঘও অন্তর্ভুক্ত হইবে।

**লাইসেন্সের শর্তাবলী**

৮। (১) কোন ব্যক্তি তাহার লাইসেন্সের অধীন প্রদেয় নিরাপত্তা সেবা প্রদানের জন্য অন্য কোন ব্যক্তিকে এজেন্ট হিসাবে নিয়োগ করিতে পারিবেন না।

(২) লাইসেন্সগ্রহীতার স্বত্তাধিকার বা সাংগঠনিক কাঠামো লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে কোনরূপ পরিবর্তন করা যাইবে না।

(৩) প্রত্যেক লাইসেন্সগ্রহীতাকে তাহার প্রধান কার্যালয় এবং প্রতিটি শাখা কার্যালয়ের সর্বাপেক্ষা দৃশ্যমান একটি স্থানে লাইসেন্সের একটি ফটোকপি লটকাইয়া রাখিতে হইবে।

(৪) লাইসেন্সগ্রহীতা যে সংশ্লিষ্ট জেলা বা মেট্রোপলিটন এলাকার লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে লাইসেন্স গ্রহণ করিয়াছেন, সেই এলাকার বাহিরে অন্য কোন জেলা বা মেট্রোপলিটন এলাকায় নিরাপত্তা সেবা প্রদান করিতে আগ্রহী হইলে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়িত লাইসেন্সের অনুলিপিসহ অভিপ্রেত এলাকার লাইসেন্সিং কর্তৃপক্ষকে উক্তরূপ আগ্রহ সম্পর্কে লিখিতভাবে অবহিত না করিয়া কোন নিরাপত্তা সেবা প্রদান করা যাইবে না।

(৫) লাইসেন্সগ্রহীতা কর্তৃক উক্তরূপ অবহিতকরণের বিষয়টি সংশ্লিষ্ট জেলার বা ক্ষেত্রমত মেট্রোপলিটন এলাকার লাইসেন্সিং কর্তৃপক্ষ একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন এবং লিখিতভাবে লাইসেন্সগ্রহীতাকে লিপিবদ্ধকরণের বিষয়টি জানাইয়া দিবেন।

(৬) এই আইন ও তদ্‌ধীন প্রণীত বিধির আওতায় প্রযোজ্য শর্তাবলী ছাড়াও লাইসেন্সিং কর্তৃপক্ষ যে শর্ত উপযুক্ত বিবেচনা করিবে তাহা লাইসেন্সে অন্তর্ভুক্ত করিতে পারিবে এবং উক্ত শর্তাবলী অবশ্যই পালনীয় হইবে।

**বেসরকারী নিরাপত্তা সেবা প্রতিষ্ঠানে নিরাপত্তা প্রহরী নিয়োগ**

৯। (১) কোন ব্যক্তি কোন বেসরকারী নিরাপত্তা প্রতিষ্ঠানে নিরাপত্তা প্রহরী হিসাবে নিয়োগলাভের যোগ্য হইবেন না, যদি-

(ক) তিনি আঠার বত্‌সরের কম বয়স্ক হন;

(খ) তিনি শারীরিক ও মানসিকভাবে সুস্থ না হন;

(গ) তিনি বাংলাদেশের নাগরিক না হন;

(ঘ) তিনি কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যুন দুই বছরের কারাদন্ডে দন্ডিত হইয়া থাকিলে তাহার মুক্তি লাভের পর অন্যুন পাঁচ বত্‌সরকাল অতিবাহিত না হইয়া থাকে; এবং